

‘ONLINE FILING’ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিলের নির্দেশিকা

জাতীয় রাজস্ব বোর্ড ২০১৬-১৭ কর বর্ষ হতে ‘ONLINE’ এ আয়কর রিটার্ন দাখিলের জন্য ‘e-filing’ ব্যবস্থার প্রবর্তন করেছে। নতুন প্রবর্তিত ‘e-filing’ পদ্ধতিতে ইন্টারনেট (Internet Explorer) এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www.etaxnbr.gov.bd ব্রাউজ করে নির্ধারিত ইলেকট্রনিক রিটার্নে আয়-ব্যয়, বিনিয়োগ, কর প্রদান ইত্যাদি সম্পর্কে প্রয়োজনীয় তথ্য প্রদান করলে সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে (Automatically) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী করদাতার মোট আয়, প্রদেয় কর ইত্যাদি সম্পর্কে বিস্তারিতভাবে তথ্য প্রদান করে আয়কর রিটার্ন প্রস্তুত হবে। প্রস্তুতকৃত আয়কর রিটার্নটি ‘ONLINE’ এ দাখিল করা যাবে এবং সেই সাথে কর নির্ধারণ সম্পন্ন হয়েছে মর্মে ‘ONLINE’ এ সার্টিফিকেট সংগ্রহ করা যাবে।

‘ONLINE’ এ আয়কর রিটার্ন দাখিলের জন্য করদাতাকে তার নির্ধারিত কর সার্কেল অর্থাৎ যে সার্কেল অফিসে করদাতা তার আয়কর রিটার্ন দাখিল করেন, সেই কর সার্কেল অফিস থেকে অথবা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www.etaxnbr.gov.bd ব্রাউজ করে অনলাইনে ‘USER ID’ এবং ‘PASSWORD’ সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, ‘USER ID’ এবং ‘PASSWORD’ প্রতিবছর সংগ্রহ করতে হবেনা।

একজন করদাতা কে শুধুমাত্র একবার ‘USER ID’ এবং ‘PASSWORD’ সংগ্রহ করতে হবে। তবে কোন কারণে কোন করদাতা সার্কেল অফিস থেকে সংগ্রহকৃত তার ‘USER ID’ এবং ‘PASSWORD’ ভুলে গেলে সেই করদাতাকে নিজ সার্কেল অফিস থেকে অথবা জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট www.etaxnbr.gov.bd ব্রাউজ করে অনলাইনে পুনরায় ‘USER ID’ এবং ‘PASSWORD’ সরবরাহের ব্যবস্থা করা হবে।

উল্লেখ্য যে, আপনি আপনার ‘USER ID’ এবং ‘PASSWORD’ সংগ্রহ করার পর আপনার আয় ব্যয় সংক্রান্ত তথ্যের

গোপনীয়তার স্বার্থে সার্কেল অফিস থেকে প্রাপ্ত আপনার ‘PASSWORD’ টি সিস্টেম (System) এর ‘CHANGE PASSWORD’ অপশন থেকে ‘CHANGE’ করে নিতে পারেন (বিস্তারিত শেষের পাতায়)

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,

যেহেতু সিস্টেম (System) অনলাইনে করদাতা কতক প্রদত্ত আয়-ব্যয়, বিনিয়োগ, কর প্রদান ইত্যাদি তথ্য থেকে স্বয়ংক্রিয়ভাবে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী করদাতার মোট আয়, প্রদেয় কর ইত্যাদি নির্ণয় করে দেয়; সুতরাং যদি কোন করদাতা সিস্টেম (System) এ ভুল/অসত্য তথ্য প্রদান করেন এবং পরবর্তীতে তা প্রমাণিত হয় তবে করদাতা কতক অনলাইনে দাখিলকৃত আয়কর রিটার্ন গ্রহণযোগ্য হবে না এবং অনলাইনে প্রাপ্ত সার্টিফিকেটটি অকার্যকর বলে গন্য হবে। প্রয়োজ্যক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ অনুযায়ী ভুল/অসত্য তথ্য প্রদানকারী করদাতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।

যদি কোন করদাতা মনে করেন যে, সিস্টেম (System) ভুলভাবে তার মোট আয়, প্রদেয় কর ইত্যাদি নির্ণয় করেছে, সেক্ষেত্রে অনলাইনে রিটার্ন দাখিল না করার সম্পূর্ণ ইচ্ছা করদাতার আছে বলে জাতীয় রাজস্ববোর্ড মনে করে এবং এ ক্ষেত্রে করদাতা প্রচলিত পদ্ধতিতে পেপার রিটার্ন (Paper Return) দাখিল করবেন।

সর্বোপরি এই সিস্টেম (System) টি একটি নতুন সিস্টেম (System); সুতরাং এই সিস্টেম (System) এ কোন ভুল ক্রেডিট পরিলক্ষিত হলে সে ভুল ক্রেডিট উল্লেখপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করলে জাতীয় রাজস্ব বোর্ড সিস্টেম (System) এর সে সকল ভুল ক্রেডিট সংশোধনে বদ্ধপরিকর।

যদি এমন হয় যে, সিস্টেম কর্তৃক নির্ণয়কৃত মোট আয়, প্রদেয় কর ইত্যাদি ক্রটিপূর্ণ, তবে সেক্ষেত্রে আয়কর অধ্যাদেশ অনুযায়ী নির্ণয়কৃত মোট আয়/প্রদেয় কর এর পরিমাণ গ্রহণযোগ্য হবে।

আরোও উল্লেখ্য যে, এই সিস্টেম (System) এর মাধ্যমে কোন করদাতা একবার অনলাইনে রিটার্ন দাখিল করলে, তিনি আর এই সিস্টেম (System) এর মাধ্যমে অনলাইনে সংশোধিত রিটার্ন (**Revised Return**) দাখিল করতে পারবেন না। যদি কেউ সংশোধিত (Revised Return) রিটার্ন দাখিল করতে চান; তবে তাকে রিটার্ন দাখিলের নির্ধারিত সময়ের মধ্যে সিস্টেম জেনারেটেড (System Generated) প্রত্যয়ণ পত্র (Acknowledge) /সার্টিফিকেট (Certificate)

সহ

তার নিজস্ব সার্কেল অফিসে উপস্থিত হয়ে প্রচলিত পদ্ধতিতে সংশোধিত রিটার্ন (Revised Return) দাখিল করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ড